দৈনিক ইত্তেফাক

তারিখ 20 DEC 1992
পৃষ্ঠা ২ কলাম ৩

56

## আগামীকাল বিএম কলেজে নির্বাচন

বরিশাল অফিস ।। আগামীকাল (সোমবার) সরকারী বি,এম, কলেজ ছাত্র সংসদ নির্বাচন। সকাল ৮-৩০টা হইতে দুপুর একটা পর্যন্ত বিরতিহীনভাবে ২০টি বুথে ভোট গ্রহণ চলিবে। ভোটারের সংখ্যা ৬৪৩০ জন। ৫টি প্যানেল এই নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করিতেছে। পদের সংখ্যা

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## বিএম কলেজ নির্বাচন

(১ম পৃঃ পর)

ভিপি ও জিএসসহ বিভাগীয় ১৮টি এবং সদস্য ৮টি। মোট প্রার্থী হইতেছে ১০৬ জন। ছাত্র ঐক্যের কোন ভিপি প্রার্থী নাই। পুনঃ বাছাইকালে মনোনয়নপত্র বাতিল হয়। নির্বাচনী প্রচারণা গতকাল (শনিবার) সকাল ৮-৩০টা হইতে ফলাফল প্রদান পর্যন্ত বন্ধ রাখা হইয়াছে। ভোটারদের পরিচয়পত্র দেখাইয়া ক্যাম্পাসে প্রবেশ ও ভোট প্রদানের পর উহা জমা দিয়া সঙ্গে সঙ্গে ক্যাম্পাস ত্যাগের নির্দেশ দেওয়া হইয়াছে। ব্যালটে কাঠ পেন্সিল ব্যবহার করা যাইবে না। সাংবাদিকদের পরিচয়পত্র গেটে প্রদর্শনের অনুরোধ জানান হইয়াছে। নির্বাচন সুষ্ঠুভাবে অনুষ্ঠানের জন্য ক্যাম্পাসে প্রচুর পুলিশ ও ম্যাজিষ্ট্রেট নিয়োগ করা হইয়াছে।